

## 14225 - ফরজ গোসল করতে বিলম্ব করলে এমনকি ফজরের ওয়াক্ত হয়ে গেলেও রোজা নষ্ট হবে না

### প্রশ্ন

একবার সেহেরীর পূর্বে আমার স্বপ্নদোষ হয়। কিন্তু আমি গোসল করতে পারিনি। গোসল করতে আমার তীব্র লজ্জাবোধ হচ্ছিল। কারণ আমার পিতামাতা জেনে যাবে যে, আমার স্বপ্নদোষ হয়েছে। তাই গোসল না করে আমি সেহেরী খেয়েছি। দুঃখজনক হল সেদিন আমি ফজরের নামাযও পড়িনি। তবে পরবর্তীতে গোসল করে আমি ফজরের নামায পড়েছি। আমি জানতে চাচ্ছি, আমার সে রোজাটা কি কবুল হয়েছে? কারণ আমার ধারণা হচ্ছে- আমি (স্বপ্নদোষজনিত) অপবিত্র অবস্থায় সেহেরী খেয়ে ভুল করেছি। আমার রোজা কি কবুল হবে?

### প্রিয় উত্তর

কেউ যদি রাতের মধ্যে স্ত্রী সহবাস করে এবং অপবিত্র অবস্থায় সুবহে সাদিক হয়ে যায় তার রোজা শুদ্ধ হবে; অনুরূপভাবে রাতের বেলা অথবা দিনে ঘুমের মধ্যে কেউ যদি অপবিত্র হয়ে যায় তার রোজাও শুদ্ধ হবে। বিলম্ব করে ফজর শুরু হওয়ার পরে গোসল করতে দোষের কিছু নেই। কিন্তু কেউ যদি রমজানের দিনের বেলায় অর্থাৎ ফজরের পর থেকে সূর্য ডোবার পূর্ব পর্যন্ত সময়ের মধ্যে স্ত্রী সহবাস করে তার রোজা নষ্ট হয়।[স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (১০/৩২৭)]

তবে দেরি করে সূর্যোদয়ের পর নামায আদায় করা আপনার জন্য হারাম। আপনার উপর ফরজ ছিল যথাসময়ে নামায আদায় করা। আপনার তীব্র লজ্জা এক্ষেত্রে গ্রহণযোগ্য কোন ওজর নয়; যার কারণে নামায আদায়ে এ বিলম্ব করা যেতে পারে। এখন আপনার কর্তব্য হচ্ছে- এ গুনাহ থেকে তওবা করা, ইস্তিগফার করা (ক্ষমা প্রার্থনা করা)। আল্লাহ আমাদেরকে ও আপনাকে সকল ভাল কাজ করার তাওফিক দিন।